

র দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বাপ মায়ের আদেশ পালন করা ওয়াজেব। কিন্তু তারা যদি বউ তালাক দিতে বলে, তাহলে করণীয় কি?

বাপ মায়ের আদেশ পালন করা ওয়াজেব। কিন্তু তারা যদি অন্যায় আদেশ করে, তাহলে তা পালন করা হারাম। সুতরাং বউ তালাক দিতে বললে কারণ জানতে হবে। কারণ যদি সঠিক হয় এবং সে কারণে বউ তালাক দেওয়া ওয়াজেব হয়, তাহলে বুঝানোর পর তালাক দেবে। পক্ষান্তরে কারণ যদি সঠিক না হয়, কেবল বউয়ের প্রতি ঈর্যাবশতঃ হয়, তাহলে তালাক দেওয়া বৈধ নয়। পুরুষকে পরীক্ষা দিতে হবে সংসারের এই মা বউয়ের দ্বন্দে। শরীয়তই হবে সঠিক ফয়সালাদাতা। কোন আবেগ বা প্রেম, কোন ঈর্যা বা হিংসা অথবা কোন পার্থিব লোভ লালসা যেন পুরুষকে কারো প্রতি অন্যায়াচরণে বাধ্য না করে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=462

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন